ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

## ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর কর্মচারীদের 'ঝুঁকি তহবিল' থেকে ঋণ গ্রহণ সংক্রান্ত নীতিমালা-২০১৮

**শিরোনামঃ** এ নীতিমালা ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর কর্মচারীদের 'ঝুঁকি তহবিল' থেকে ঋণ গ্রহণ নীতিমালা-২০১৮ হিসেবে অভিহিত হবে।

**সংজ্ঞাঃ** 'কর্মচারী' বলতে ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের যে কোন কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাবে।

০১। এই ঋণের তহবিল সীমা হবে প্রাথমিক পর্যায়ে সর্বোচ্চ ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা।

০২। ফাউন্ডেশনে ন্যূনতম দু'(০২) বছর পর্যন্ত সন্তোষজনকভাবে চাকুরী করলে তিনি এই ঋণ পাওয়ার যোগ্যতা অর্জন করবেন। চাকুরী স্থায়ী করা হয়নি এবং কর্মচারীর বিরুদ্ধে আর্থিক অনিয়ম-দুর্নীতি এবং বিভাগীয় ব্যবস্থা চলমান থাকলে ঋণ পাবার যোগ্য হবেন না। এ ছাড়া মাঠ পর্যায়ের কর্মচারীর ক্ষেত্রে ব্যক্তিগত দায় বেশি থাকলে আবেদন বিবেচনা করা হবে না ।

০৩। জ্যেষ্ঠতা,কর্ম-মূল্যায়ন এবং আবেদনের তারিখ ও বিশেষ মানবিক প্রয়োজনীয়তার ভিত্তিতে ঋণ গ্রহীতা কর্মচারী নির্বাচন করা হবে।

০৪। ঋণ গ্রহণকারী কর্মচারীর মাসিক বেতন থেকে মাসিকভিত্তিতে ঋণের কিস্তি আদায় করা হবে।

০৫। ঋণ গ্রহণকারী কর্মচারী চাকুরী পরিত্যাগ করলে, অপসারণ/বরখাস্ত করা হলে ঋণের বকেয়া টাকা তাৎক্ষণিক পরিশোধ করতে হবে অথবা চাকুরীগত আর্থিক সুবিধা থেকে কর্তন করে সমন্বয় করা হবে অথবা দেশের প্রচলিত আইন অনুযায়ী পাওনা টাকা আদায় করা যাবে।

০৬। ঋণ পরিশোধের সময়সীমা হবে ০১ (এক) বছর। ১২টি সমান কিস্তিতে ফ্লাট রেটে সার্ভিসচার্জসহ এই ঋণ পরিশোধ করা যাবে। ঋণ গ্রহিতা কর্মচারী সর্বোচ্চ ১৩-২৪ কিস্তির মধ্যেও এই ঋণ পরিশোধ করতে পারবেন। তবে ১৩ মাস থেকে ২৪ মাসের ক্ষেত্রে সমানুপাতিক হারে ফ্লাট সার্ভিসচার্জের পরিমাণও বৃদ্ধি পাবে।

০৭। এই ঋণের সার্ভিসচার্জের হার হবে বার্ষিক ১১% ফ্লাট রেটে।

০৮। সাধারণতঃ চিকিৎসা, ছেলে-মেয়েদের লেখা-পড়া, বিবাহ, বাড়ি নির্মাণ/মেরামত, গৃহের অত্যাবশ্যকীয় আসবাবপত্র ক্রয় ও জরুরি প্রয়োজনে এই ঋণ প্রদান করা হবে।

০৯। একজন কর্মচারী চাকুরী জীবনে সর্বোচ্চ ০৩ (তিন) বার এই ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন।

১০। পদমর্যাদা ও চাকুরীর কর্মকালেরভিত্তিতে নিম্নরূপভাবে ঋণ সীমা নির্ধারিত হবেঃ-

| পদবী | সর্বোচ্চ ঋণ সীমা | মন্তব্য |
|---|---|---|
| (ক) এসইউএম/ব্যবস্থাপক-সমপর্যায় এবং তদুর্ধ | ২,০০,০০০/- টাকা | যে সকল কর্মচারীর চাকুরী কাল ০৫ বছর তাঁরা এই ঋণের সর্বোচ্চ সীমার ৫০%, যে সকল কর্মচারীর চাকুরী কাল ০৫ বছর থেকে ১০ বছর তাঁরা ৭০% এবং ১০ বছর উর্ধ্ব চাকুরীজীবী কর্মচারীগণ ১০০% ঋণ প্রাপ্য হবেন। |
| (খ) ইউএম/এএম-সমপর্যায় | ১,৫০,০০০/- টাকা | |
| (গ) পিও এবং সিও/এসএফও-সমপর্যায় | ১,২০,০০০/- টাকা | |
| (ঘ) অন্যান্য কর্মচারী | ১,০০,০০০/- টাকা | |

১১। ঋণ গ্রহণেচ্ছু কর্মচারীদেরকে নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হবে।

১২। ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক গঠিত একটি কমিটি ঋণের আবেদন বাছাই ও ঋণ প্রদানে সুপারিশ করবে।

১৩। এতদসংক্রান্ত গাইড লাইনে যাই থাকুক না কেনো ফাউন্ডেশন কর্তৃপক্ষ এ সংক্রান্ত যে কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক